

## জাত পরিচিতি

বিআর২৫ একটি আমন ধানের জাত। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ১৯৯২ সালে এ জাত উদ্ভাবন করেছে। এর জনপ্রিয় নাম নয়াপাজাম। বিআর২৫ বা নয়াপাজাম ধানের রং, আকৃতি এবং চালের আকার একদম পাজামের মত।



বিআর২৫

## জাতের বৈশিষ্ট্য

- ▶ নয়াপাজামের উচ্চতা ১৩৮ সেন্টিমিটার।
- ▶ কাণ্ড মজবুত।
- ▶ চাল খাটো মোটা ও সাদা

## এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

বিআর২৫ একটি মধ্যম জীবনকাল সম্পন্ন ধান। এ ধান চাষ করে আমন পরবর্তী রবি ফসল, যেমন- গম, ডাল, সবজি ইত্যাদি ফসল সময়মত চাষাবাদ করা সহজ হবে। জাতটির ফলন সাধারণ পাজামা জাতের চেয়ে বেশি। তাছাড়া চালের বাজার মূল্য বেশী হওয়ায় কৃষক লাভবান হবেন।

## জীবনকাল

এর জীবনকাল ১৩৫ দিন

## ফলন

ফলন হেক্টর প্রতি ৪.৫ টন।



## চাষাবাদ পদ্ধতি

১. বীজ তলায় বীজ বপন: ১৫-৩০ আষাঢ় (২৯ জুন-১৪ জুলাই)।
২. চারার বয়স: ২৫-৩০ দিন।
৩. রোপণ দূরত্ব: ২০x১৫ সেন্টিমিটার।
৪. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):
 

৪.১	ইউরিয়া	টিএসপি	এমপি	জিপসাম	জিংক
	২০	১৪	৯	৮	১.৫
- ৪.২ ইউরিয়া সার সমান ৩ কিস্তিতে জমি তৈরির শেষ পর্যায়ে, রোপণের ২০-২৫ এবং ৪৫ দিন পর প্রয়োগ করতে হবে। তবে এলসিসি ভিত্তিক ইউরিয়া সার প্রয়োগ করা উত্তম।
৫. আগাছা দমন: রোপণের অন্তত ১ মাস পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।
৬. সেচ ব্যবস্থাপনা: চাল শক্ত হওয়া পর্যন্ত প্রয়োজনে সম্পূরক সেচ দিতে হবে।
৭. রোগবালাই দমন: নয়াপাজাম ব্লাস্ট, পাতাপোড়া রোগ এবং পামরি পোকাকার আক্রমণে মধ্যম প্রতিরোধশীল। প্রয়োজনে অনুমোদিত দমন ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।
১০. ফসল কাটা: ১-১৫ অগ্রহায়ণ (১৫-৩০ নভেম্বর)।

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brrri.gov.bd

অধিবেশন ২: মডিউল ২

ফ্যাঙ্ক শীট ৩৫